



প্রেস বিজ্ঞপ্তি

১৭ আগস্ট, ২০২১

১৫ আগস্টকে বিশ্বজুড়ে কালো দিবস হিসেবে পালনের আহ্বান

বাউবিতে জাতীয় শোক দিবসে জুম ওয়েবিনার

-শেখ কবির হোসেন

১৫ আগস্টকে বিশ্বজুড়ে কালো দিবস হিসেবে পালনে আমাদেরকে সক্রিয় ভূমিকা রাখতে হবে। বিশ্বের মানচিত্রে নতুন একটি রাষ্ট্র বাংলাদেশের অভ্যুদয়ের সাথে সাথেই সে রাষ্ট্রের জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সপরিবারে নৃশংস সাম্রাজ্যবাদী শক্তির এক গভীর ষড়যন্ত্রের শিকার হতে হয়। এ নির্মম হত্যাকাণ্ডে নিরীহ নিষ্পাপ শিশু রাসেল, নব পরিণীতা দুই পুত্রবধু, বঙ্গবন্ধু শেখ ফজিলাতুল্লাহ মুজিব সপরিবারের সদস্যসহ ১৬ জন শহীদ হন।

মহান আল্লাহর অশেষ রহমতে তাঁর দুই কন্যা আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শেখ রেহানা সে সময় প্রবাসে থাকায় বেঁচে যান। তিনি আরও বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিব ছিলেন বিশ্বের শোষিত মানুষের নেতা। মানুষের প্রতি অগাধ ভালোবাসা, বাঙালির অর্থনৈতিক মুক্তির জন্য স্বাধিকার সংগ্রাম ও একটি স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠা করে সোনার বাংলা গড়ে তোলাই ছিলো তাঁর আজন্মের স্বপ্ন।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬তম শাহাদতবার্ষিকী উপলক্ষে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আয়োজিত জুম ওয়েবিনারে ১৬ আগস্ট, ২০২১ সোমবার বিকেল ৩:৩০ মিনিটে ‘বঙ্গবন্ধুর আদর্শ ও ভাবনা’ শীর্ষক আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি ও মূল আলোচক হিসেবে বাউবির বোর্ড অব গভর্নর্স সদস্য, ফারহাস্ট ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চেয়ারম্যান এবং বাংলাদেশ প্রাইভেট ইউনিভার্সিটিজ এসোসিয়েশন এর সভাপতি শেখ কবির হোসেন এ কথা বলেন।

সভাপতির বক্তব্যে মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, মাত্র ৫৫ বছরের ছিলো তাঁর কঠিন আত্মত্যাগের জীবন। জীবনের প্রায় অর্ধেকটাই তিনি শাসকগোষ্ঠীর নিষ্পেষণে কারাগারে ছিলেন। এ শ্যামল বাংলার মৃত্তিকায় তিনি তাঁর শেষ রক্তবিন্দুটুকু দিয়ে গিয়েছেন। বাঙালির ইতিহাসের মহান পুরুষ, রাজনীতির অমর কবি ছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। পচাত্তরের খুনি চক্রের দোসররা এখনো ষড়যন্ত্রে লিপ্ত, এ বিষয়ে সতর্ক থাকতে হবে। প্রধানমন্ত্রী ঘোষিত ২০৪১ সালে উন্নত বাংলাদেশের লক্ষ্য অর্জনের জন্য যা অত্যন্ত জরুরী।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের সভাপতিত্বে এ সভায় ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন আলোচনা করেন।

প্যানেলিস্ট হিসেবে কথা বলেন, অধ্যাপক আনোয়ারুল ইসলাম, সভাপতি, শিক্ষক সমিতি, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম সভাপতি ডিনস কাউন্সিলের প্রতিনিধি অধ্যাপক সুফিয়া বেগম, সাধারণ সম্পাদক ওপেন স্কুলের সহকারী অধ্যাপক মেহেরীন মুনজারীন রত্না, শিক্ষক সমিতি সাধারণ সম্পাদক ডিন, স্কুল অব সায়েন্স এন্ড টেকনোলজির অধ্যাপক ডা: সরকার মো: নোমান, ডিরেক্টর কাউন্সিল প্রতিনিধি পরিচালক অর্থ ও হিসাব হিমায়িত মিয়া ও পরিচালক তথ্য ও গণসংযোগ মো: আবুল কাসেম শিখদার।

প্যানেলিস্টগণ প্রধান অতিথি যিনি বঙ্গবন্ধু পরিবারের নিকটতম সদস্য তাঁর কাছে জাতির পিতার আদর্শ ও ভাবনা বিষয়ে নানা প্রশ্ন করে আলোচনাকে প্রাণবন্ত করে তুলেন।

এ জুম সভায় বিশ্ববিদ্যালয় পরিবারের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণ সংযুক্ত ছিলেন।

(মোঃ আবুল কাসেম শিখদার)

পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি।

মোবাইলঃ ০১৭১১১৫৭২৩৬

বার্তা সম্পাদক